মেহেরপুর জেলা আওয়ামীলীগের অপর অংশের জাতীয় শোক দিবস পালন

জাতির জনক বঙ্গবন্ধুর ৪৮তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামীলীগের একাংশের উদ্যোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পণ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালের দিকে সামসুজ্জোহা পার্ক স্মৃতিসৌধে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন করেন জেলা আওয়ামীলীগের এই অংশটি।

এসময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পাদক বিষয়ক সম্পাদক এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সদস্য ও মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান কামরুল হাসান চান্দু, মোফিজুর রহমান, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির অপর অংশের সমাবেশ

মেহেরপুরে গণতন্ত্র হত্যা দিবস গণতন্ত্রের পুনরুদ্ধারে ১০ দফা দাবি দাবিতে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে জেলা বিএনপির বড়বাজার কার্যালয়ে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল এর সঞ্চালনায় জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি

হিসেবে বক্তব্য রাখেন আলমগীর খান ছাতু সহ-সভাপতি জেলা বিএনপি। এছাড়াও বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জিয়া মঞ্চের সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি।

এছাড়া উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জিয়া মঞ্চের যুগ্ন আহবায়ক হাসানুজ্জামান বিপলু, যুবনেতা ইসমাইলসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।